# Times Today BD

জেলা প্রতিনিধি | রংপুর | 06 May, 2025

গাইবান্ধার গোবিন্দগঞ্জে এক বিএনপি নেতার গুদাম থেকে ১১৯ বস্তা সরকারি চাল জব্দ করেছে প্রশাসন।মঙ্গলবার (৬ মে) দুপুর ২টার দিকে উপজেলার কামারদহ ইউনিয়নের ফাঁসিতলা বাজার এলাকায় এ অভিযান চালানো হয়।

জব্দকৃত চালগুলো স্থানীয় সরকার পরিচালিত খাদ্যবান্ধব কর্মসূচির বলে প্রাথমিকভাবে জানা গেছে।অভিযানে নেতৃত্ব দেন গোবিন্দগঞ্জ উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মো. আসাদুজ্জামান।অভিযানে থানা-পুলিশও সহায়তা করে।

অভিযুক্ত শাহাবুল ইসলাম সাবু কামারদহ ইউনিয়ন বিএনপির সদস্যসচিব।স্থানীয় প্রশাসন সূত্রে জানা গেছে, তিনি দীর্ঘদিন ধরে সরকারি বরাদ্দের চাল সংগ্রহ করে গুদামে মজুত রাখছিলেন এবং অধিক মূল্যে বিক্রির চেষ্টা করছিলেন।অভিযানে ১১৯ বস্তা চাল ছাড়াও সরকারি খাদ্যগুদামের বেশ কিছু খালি বস্তা পাওয়া যায়।অভিযানের সময় শাহাবুল ইসলামকে ঘটনাস্থল থেকে আটক করা হয়।জব্দকৃত চালগুলো উপজেলা খাদ্যগুদামে রাখা হয়েছে।

গোবিন্দগঞ্জ থানার পুলিশ পরিদর্শক (তদন্ত) আবু ইকবাল পাশা বলেন, “চাল জব্দের ঘটনার সত্যতা পাওয়া গেছে।এ বিষয়ে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ প্রক্রিয়াধীন রয়েছে।”

চাল বিএনপি পুলিশ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 29 June, 2025 02:22

URL: https://www.timestodaybd.com/rangpur/2044775807